আপনার অধিকারের ব্যাখ্যা

আপনাকে যদি একটি ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা বা একটি এপিবি (অল পোর্টস বুলেটিন)-এর অধীনে আটক করা হয়

সাক্ষাৎকার শুরু হওয়ার আগে আপনাকে কোন্ অধিকারগুলোর কথা অবশ্যই বলে দিতে হবে?

1. সাক্ষাৎকার চলাকালীন আইনজীবীর সঙ্গে গোপনে আলোচনা করা এবং আইনি সাহায্য নেওয়ার অধিকার

A. আইনজীবী

- আপনি আপনার পছন্দের কোনো আইনজীবীর সঙ্গে যোগাযোগ করতে পারেন।
- আপনার যদি কোনো আইনজীবী না থাকেন, অথবা তাকে যদি আসতে দেওয়া না হয়, তাহলে ডিউটিরত আইনজীবীকে যোগাযোগ করতে বলতে পারেন।
- আইনী কিছু শর্ত পূরণ করলে আপনি এই আইনী সহায়তা সম্পূর্ণ বিনামূল্যে বা আংশিক মূল্যে পেতে পারেন।
  যে ফর্মে এই শর্তগুলি সংক্ষেপে বলা আছে আপনি সেই ফর্মটি চাইতে পারেন।

B. আগাম গোপনে আলোচনা

- পরবর্তী সাক্ষাৎকারের আগে - এবং আপনার আইনজীবী বা বার অ্যাসোসিয়েশনের পুলের ডিউটিরত আইনজীবীর সঙ্গে কথা বলার ২ ঘন্টার মধ্যে - ত্রিশ মিনিটের জন্য আপনার আইনজীবীর সঙ্গে গোপনে আলোচনা করার অধিকার আপনার আছে, যা সাক্ষাৎকার গ্রহণকারীর বিবেচনার ভিত্তিতে ব্যতিক্রম হিসাবে কিছুটা সম্প্রসারিত হতে পারে।
- এই আলোচনা টেলিফোনের মাধ্যমে অথবা পুলিস স্টেশনে বসেও হওয়া সম্ভব।
- আপনার আইনজীবীর সঙ্গে যদি এই পরিকল্পিত আলোচনাটি ২ ঘন্টার মধ্যে না করা যায়, তাহলে বার অ্যাসোসিয়েশনের পুলের ডিউটিরত আইনজীবীর সঙ্গে আপনি ফোনে গোপনে আলোচনা করতে পারবেন। এরপরে, সাক্ষাৎকারটি শুরু হতে পারে।
- আপনার আইনজীবী যদি সাক্ষাৎকার চলাকালীন হাজির হন তাহলে, জিজ্ঞাসাবাদের বাকি সময়টাও তিনি থাকতে পারেন।

C. সাক্ষাৎকার চলাকালীন আইনি সহায়তা

- সাক্ষাৎকারের সময় আইনজীবীর সহায়তা নেওয়ার অধিকার আপনার আছে।
- আপনার আইনজীবী নিশ্চিত করবেন যে:
  - o আপনার নীরব থাকার অধিকার আর নিজেকে দোষারোপ করতে বাধ্য না করার অধিকার সম্মানিত হচ্ছে কিনা;
  - o সাক্ষাৎকার চলাকালীন আপনার সাথে ভাল ব্যবহার করা হচ্ছে কিনা, আর আপনার ওপর কোনো বাধ্যবাধকতা বা অন্যায় চাপ দেওয়া হচ্ছে কিনা;
  - o আপনাকে আপনার অধিকারগুলি জানানো হয়েছে আর সাক্ষাৎকার সম্পূর্ণ আইনী মতে করা হচ্ছে।

এই বিষয়গুলির কোনটির ব্যাপারে আপনার আইনজীবীর যদি কিছু বলার থাকে তাহলে তিনি তক্ষুনি সেগুলি পুলিশের সাক্ষাৎকার বিবৃতিতে রেকর্ড করতে পারেন।
আপনার আইনজীবী একটি নির্দিষ্ট জিজ্ঞাসাবাদ করার বা একজন বিশেষ ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার কথা বলতে পারেন। যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হচ্ছে সেই সম্বন্ধে তিনি ব্যাখ্যা চাইতে পারেন। তিনি তদন্ত এবং সাক্ষাৎকার সম্বন্ধেও মন্তব্য করতে পারেন। তিনি আপনার হয়ে উত্তর দিতে পারবেন না বা সাক্ষাৎকার চলাকালীন বাধা সৃষ্টি করতে পারবেন না।

- অতিরিক্ত একবার গোপন আলোচনার জন্য আপনি বা আপনার আইনজীবী সাক্ষাৎকার থামিয়ে দিতে পারেন, কিন্তু সেটা মাত্র একবারই পারবেন।
- সাক্ষাৎকার চলাকালীন যদি কোনো নতুন বিষয় উঠে আসে তাহলে আপনি আপনার আইনজীবীর সঙ্গে অতিরিক্ত আরেকবার আলোচনা করতে পারেন। তবে এই আলোচনা পর্ব 15 মিনিটের বেশি হবে না।

D. অধিকার ত্যাগ

আইনজীবীর থেকে সহায়তা নিতে বা তার সাথে আলোচনা করার জন্য অনুরোধ করতে আপনি বাধ্য নন।

আপনি স্বেচ্ছায় এবং গভীর ভাবনা-চিন্তা করে এই অধিকার ত্যাগ করতে পারেন:

— আপনি যদি প্রাপ্তবয়স্ক হন;
— আপনি এই মর্মে একটি ডকুমেন্টে তারিখ দিয়ে সই করে দেন।
— সম্ভব হলে, সাক্ষাৎকারটি রেকর্ড করা হতে পারে। আপনি এই ব্যাপারে আপনার আইনজীবীর সাথে কথা বলতে পারেন (পয়েন্ট 7 দেখুন)।

E. ব্যতিক্রম

কোনো অস্বাভাবিক অবস্থার পরিপ্রেক্ষিতে বা কোনো বাধ্যবাধকতার দরুণ ডিরেক্টর অফ পাবলিক প্রসিকিউটর অথবা অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট আপনাকে আইনজীবীর সাথে আগাম গোপনে কথা বলার অথবা সাক্ষাৎকা-রর সময় আইনজীবীর সহায়তা নেওয়ার অধিকার নাও দিতে পারেন। তাঁকে তার এই সিদ্ধান্তের ন্যায্যতা অবশ্যই প্রতিপাদন করতে হবে।

এইসব বিষয়ে আপনি বার অ্যাসাসিয়শনের কর্মরত আইনজীবীদের মধ্য কারোর সঙ্গে টেলিফোনে কথা বলতে পারেন।

F. যে দেশ ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে সেই দেশে আইনজীবী রাখার অধিকার

যে দেশ ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে সেই দেশে একজন আইনজীবী নিয়োগ করার অধিকার আপনার আছে। এই আইনজীবী আপানর বেলজিয়ামের আইনজীবীকে প্রত্যার্পণ সম্বন্ধীয় প্রক্রিয়া সম্পর্কে তথ্য এবং পরামর্শ প্রদান করতে পারেন।

2. ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা বা এপিবি সম্বন্ধে তথ্য

— আপনার ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা বা এপিবি-এর বিষয়বস্তু সম্বন্ধে জানার অধিকার আছে।

— আপনার প্রত্যার্পণ যদি একটি জরিমানা বলবৎকরণের জন্য প্রয়োগ করা হয় এবং আপনি যদি এই দোষী সাব্যস্ত হওয়া সম্বন্ধে অবগত না হন বা বকেয়া অপরাধমূলক মোকদ্দমা সম্বন্ধে অবগত না হন, তাহলে আপনি নিজে অবগত হওয়ার জন্য বিদেশে দোষী সাব্যস্ত হওয়ার কাগজের একটি প্রতিলিপি চেয়ে অনুরোধ করতে পারেন তবে এটা শুধুমাত্র একবারই ব্যবস্থা করা যেতে পারে।

3. নীরব থাকার অধিকার

— কোনো অবস্থাতেই আপনাকে নিজেকে দোষারোপ করতে বাধ্য করা হবে না।
— নিজের পরিচয় জানাবার পর আপনি চাইলে কোনো বিবৃতি দিতে পারেন, যে প্রশ্ন করা হয়েছে তার উত্তর দিতে পারেন অথবা নীরব থাকতে পারেন।

4. আপনি যে পুলিস স্টেশনে আছেন সেটা কাউকে জানাবার অধিকার

আপনাকে যে গ্রেপ্তার করা হয়েছে সেই খবরটা এমন কাউকে জানাবার অধিকার আপনার আছে যাকে আপনি বিশ্বাস করেন।

তবে, তদন্তের সততাকে সুরক্ষিত রাখার জন্য ডিরেক্টর অফ পাবলিক প্রসিকিউশনস অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট খবর দেওয়ার সময়টা যতক্ষণ দরকার পিছিয়ে দিতে পারেন।

5. চিকিৎসাগত সহায়তা

— যদি প্রয়োজন হয় বিনামূল্যে চিকিৎসা পাওয়ার অধিকার আপনার আছে।
— আপনি আপনার পছন্দের ডাক্তার দিয়েও আপনার পরীক্ষা করাতে পারেন। এই পরীক্ষার খরচের দায় পুরোপুরি আপনার।

সাক্ষাৎকার চলাকালীন আপনার আর অতিরিক্ত অধিকার কী কী আছে?

6. সাক্ষাৎকার চলাকালীন অন্যান্য অধিকারসমূহ

সাক্ষাৎকার পর্ব শুরু হওয়ার আগে আপনাকে অবশ্যই কিছু তথ্য প্রদান করতে হবে। ঘটনা সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য দেওয়া আর চুপ করে থাকার অধিকার ছাড়াও, আপনাকে বলা হবে যে:

— আপনাকে যে প্রশ্নগুলি করা হবে আর আপনি তাতে যে উত্তর দেবেন সেই সমস্তটা রেকর্ড করে রাখার জন্য আপনি অনুরোধ করতে পারেন;
— আপনি একটি নির্দিষ্ট জিজ্ঞাসাবাদ করার বা একজন বিশেষ ব্যক্তির সাক্ষাৎকার নেওয়ার কথা বলতে পারেন;
— আপনার বিবৃতিগুলি সাক্ষ্য প্রমাণ হিসেবে ব্যবহার হতে পারে।
— আপনার কাছে যে নথিপত্র আছে, সাক্ষাৎকার চলাকালীন তা আপনি ব্যবহার করতে পারেন, যদি না আপনাকে এটা করতে দেওয়ার জন্য সাক্ষাৎকারকে পিছিয়ে দিতে হয়। সাক্ষাৎকার পর্ব চলাকালীন, বা তার পরে আপনি এই নথিপষনগুলিকে লিখিত রেকর্ডের সাথে সংযুক্ত করতে বা কোর্টের ক্লার্ক বা করণিকের কাছে দাখিল করতে বলতে পারেন।

7. সাক্ষাৎকারটির ভিডিও রেকর্ডিং করা

— সম্ভব হলে, সাক্ষাৎকারটি পর্যবেক্ষণ করার জন্য রেকর্ড করা হতে পারে।
— এটি সাক্ষাৎকার গ্রহণকারী, পাবলিক প্রসিকিউটর বা তদন্তকারী ম্যাজিস্ট্রেট ঠিক করবেন।

8. সাক্ষাৎকার পর্বের শেষে

সাক্ষাৎকারের শেষে, সাক্ষাৎকারটি লিখিত আকারে আপনাকে পড়তে দেওয়া হবে। আপনি পড়ে শোনাতেও বলতে পারেন।

আপনাকে জিজ্ঞাসা করা হবে যে আপনি যে বিবৃতি দিয়েছেন আপনি তাতে কোনো পরিবর্তন করতে চান কিনা বা আপনাকে স্পষ্ট করে কিছু বুঝিয়ে দিতে হবে কিনা।

9. দোভাষীর সহায়তা

— যে ভাষায় কার্যবিবরণী হচ্ছে আপনি যদি তার বদলে অন্য কোনো ভাষায় কথা বলতে চান, তাহলে পুলিস সাক্ষাৎকারের সময় আপনাকে সাহায্য করতে একজন দোভাষীকে ডেকে নেবে যাকে কাজের আগে শপথ নিয়ে নিতে হবে। এই সাহায্য বিনামূল্যে পাওয়া যাবে।
— আপনি যদি এমন কোন ভাষায় কথা বলতে চান যেটি প্রক্রিয়ার ভাষার থেকে ভিন্ন, তাহলে আপনাকে সহায়তা প্রদান করার জন্য সাক্ষাৎকার চলাকালীন একজন দোভাষীকে ডাকা হবে। এই সাহায্য বিনামূল্যে পাওয়া যাবে।
— আপনাকে আপনার ভাষায় আপনার বিবৃতির রেকর্ড তৈরি করতেও বলা হতে পারে।

10. প্রত্যার্পণে সম্মতি প্রদান করা

আপনি সেই দেশে প্রত্যার্পণের ব্যাপারে সম্মত হতে পারেন যে দেশ আপনাকে চাইছে। আপনি আপনার সম্মতিকে ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানাতে উল্লেখ করা অপরাধের মধ্যে সীমাবদ্ধ রাখতে পারেন। আপনি বিশেষ নিয়মটিকেও ছেড়ে দিতে পারেন যার অর্থ হল যে, আপনাকে প্রত্যার্পণ করার পরে, যে কারণে আপনাকে প্রত্যার্পণ করা হয়েছে সেগুলি ছাড়াও অন্যান্য অপরাধগুলির জন্যও আপনার বিচার করা হতে পারে।

অনুসন্ধানকারী ম্যাজিস্ট্রেটের সাথে সাক্ষাৎকার ঘটার পরে আপনি যদি প্রত্যার্পণে রাজী হতে চান, তাহলে আপনার বক্তব্য পাবলিক প্রসিকিউটর শুনবেন। পাবলিক প্রসিকিউটর আপনাকে এর অর্থ ব্যাখ্যা করবেন। আপনি আপনার আইনজীবীর সহায়তা পেতে পারেন। আপনি কেবলমাত্র পাবলিক প্রসিকিউটরের সামনেই প্রত্যার্পণের ব্যাপারে আপনার সম্মতি প্রকাশ করতে পারবেন।

আপনি প্রত্যার্পণের ব্যাপারে আইনসিদ্ধভাবে সম্মতি প্রদান করার পরে, আপনি আর পিছিয়ে আসতে পারবেন না।

আপনাকে কতক্ষণ আটক রাখা হতে পারে?

1. মূলত, 48 ঘন্টা

আপনাকে সর্বাধিক 48 ঘন্টার জন্য আটক রাখা হতে পারে।

2. অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট

— 48 ঘন্টার মেয়াদে যা আরো অতিরিক্ত 48 ঘন্টার জন্য বেড়েযেতে পারে, অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট হয় আপনাকে মুক্ত করে দেবেন অথবা হেফাজতে রেখে দেবেন। আপনাকে আটক রাখা এবং আপনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করার ক্ষমতা ম্যাজিস্ট্রেটের আছে।

— এই ব্যাপারে আপনাকে প্রথম সাক্ষাৎকার করতে অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট বাধ্য। এই শুনানির সময়, আপনার আইনজীবীর সাহায্য নেওয়ার অধিকার আপনার আছে। গ্রেপ্তারি পরোয়ানা জারি করার সম্ভাবনার পরিপ্রেক্ষিতে অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেটকে আপনার অথবা আপনার আইনজীবীর বক্তব্য শুনতেই হবে।

প্রাপ্তবয়স্ক না হলে আপনি এই অধিকার ত্যাগ করতে পারবেন না।

— অনুসন্ধানরত ম্যাজিস্ট্রেট গ্রেপ্তারি পরোয়ানা জারি করলে, আপনি নিম্নলিখিত অধিকারগুলি পাবেন:

- o আপনি খোলাখুলিভাবে আপনার আইনজীবীর সঙ্গে যোগাযোগ করতে পারবেন।
- o আপনি গ্রেপ্তার হওয়ার পনেরো দিনের মধ্যে আপানাকে কমিটালস চেম্বারের সামনে পেশ করা হবে, যেখানে আপনি আপনার হেপাজত এবং ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানার অধীনে প্রত্যার্পণকে প্রতিস্পর্ধা জানাতে পারেন। আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে ইন্ডিকটমেন্টস চেম্বারের কাছে আবেদন করতে পারেন, যা পনেরো দিনের মধ্যেই করতে হবে। কমিটালস চেম্বার আপনাকে তাদের সিদ্ধান্ত জানানোর চব্বিশ ঘন্টার মধ্যে এই আবেদনটি অবশ্যই জমা করতে হবে।
- o কমিটালস চেম্বার এবং ইন্ডিকটমেন্টস চেম্বারের শুনানির একদিন আগে আপনি আপনি আপনার কেস সম্বন্ধে আলোচনা করতে পারেন।
- o আপনার আইনজীবী এই বিষয় সম্বন্ধে আরো বিশদে তথ্য প্রদান করতে পারেন।
- o আপনি যদি বেলজিয়ান নাগরিক না হন তাহলে আপনি আপনার দেশের দূতাবাস কর্তৃপক্ষকে আপনার গ্রেপ্তার হওয়ার ব্যাপারে জানাতে পারেন।
- o আপনি যদি ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানা বা যে ভাষায় সেটি অনুবাদ করা হয়েছে তা বুঝতে না পারেন, তাহলে আপনি যে ভাষা বোঝেন সেই ভাষাতে ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানাটি অনুবাদ করে আপনাকে প্রদান করা হবে, ইউরোপীয় গ্রেপ্তারি পরোয়ানার মৌখিক অনুবাদ প্রদান করা হবে, অথবা আপনি কমিটালস চেম্বারের সামনে উপস্থিত হওয়ার আগে এবং বলবৎকরণ সম্বন্ধীয় চূড়ান্ত নিয়ম ফেরৎ আসার আগে প্রয়োজনীয় প্রক্রিয়াগুলির একটি মৌখিক অনুবাদ প্রদান করা হবে।

আপনার অধিকারের এই ব্যাখ্যা আপনি আপনার কাছে রেখে দিতে পারেন।